

রুমমেটকে ছুরিকাঘাতের অভিযোগ, ভিপি প্রার্থীকে পুলিশে সোপর্দ

অনলাইন ডেস্ক

২৭ আগস্ট ২০২৫, ০৯:২৬ এএম



অভিযুক্ত জালাল আহমেদ। ছবি: ভিডিও থেকে নেওয়া

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচনে ভিপি প্রার্থী জালাল আহমেদ ওরফে জ্বালাময়ী জালালের বিরুদ্ধে তার রুমমেট মো. রবিউল হককে ছুরিকাঘাতের অভিযোগ উঠেছে। ঘটনার পর তাকে হলের রুম থেকে বের করে পুলিশে সোপর্দ করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

গতকাল মঙ্গলবার রাত সাড়ে ১২টার দিকে বিশ্ববিদ্যালয়ের হাজী মুহাম্মদ মুহসীন হলের ৪৬২ নম্বর রুমে এ ঘটনা ঘটে। জালাল আহমেদ ঢাবির টেলিভিশন অ্যান্ড ফিল্ম ডিপার্টমেন্টের ২০১৩-১৪ শিক্ষাবর্ষের শিক্ষার্থী।

আহত রবিউল হক ২০১৮-১৯ সেশনের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের শিক্ষার্থী। তিনি এখন ঢাকা মেডিকেল কলেজ (ঢামেক) হাসপাতালে চিকিৎসাধীন আছেন।

অভিযোগ রয়েছে, রুমে ঢুকে রুমমেট মো. রবিউল হককে ধারালো অস্ত্র দিয়ে আঘাত করেন জালাল। পরে গুরুতর আহত অবস্থায় সহপাঠীরা তাকে উদ্ধার করে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করে।



ঘটনার পর জালাল নিজ কক্ষে আটকে থাকেন। পরে শিক্ষার্থীদের প্রতিবাদ ও স্লোগানের মধ্যে দীর্ঘ সময় চেষ্টা চালিয়ে রাত আড়াইটার দিকে প্রক্টর এবং হল প্রভোস্টের সহায়তায় তাকে শাহবাগ থানা পুলিশে সোপর্দ করা হয়।

এ সময় হল প্রাধ্যক্ষ ড. মো. সিরাজুল ইসলাম জালালকে তৎক্ষণিভাবে হল থেকে বহিষ্কারের ঘোষণা দেন। তিনি জানান, এমন নৃশংস ঘটনার জন্য জালালকে মুহূর্তেই হল থেকে বহিষ্কার করা হয়েছে। পাশাপাশি তার ছাত্রত্ব বাতিল ও থানায় মামলা করার পদক্ষেপ নেওয়া হচ্ছে।

হাসপাতালে চিকিৎসাধীন রবিউল হক বলেন, ‘রাত সাড়ে ১২টার দিকে জালাল রুমে এসে লাইট অন করে এবং শব্দ করতে থাকে। ফলে আমার ঘুম ভেঙে যায়। তখন আমি বলি, সকালে আমাকে লাইব্রেরিতে যেতে হবে অযথা শব্দ করলে ঘুমে সমস্যা হচ্ছে। এতে সে রেগে গিয়ে আমাকে অবৈধ, বহিরাগত বলে। আমি প্রতিবাদ করলে আমাকে আঘাত করে। পরে কোনোক্রমে আমি নিজেকে আত্মরক্ষা করি।’